**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 26-02-2026** **Desk in Charge : Kalyan L.**
**Time : 1-30 P.M.** **Compiling : Raktim B.**
**DEO: KB** **NRT : Anindita B.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবর –

১/ ইজরায়েল সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সে-দেশের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে প্রতিনিধি পর্যায়ের বৈঠকে মিলিত হবেন।

# একাধিক বিষয়ে দুই দেশের মধ্যে চুক্তি হওয়ার সম্ভাবনা।

২/ পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭ টি রাজ্যসভার আসনে নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে নির্বাচন কমিশন।

৩/ ছত্তিশগড়ের বিজাপুর জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে দুই মাওবাদী নিহত হয়েছে।

৪/ জম্মু-কাশ্মীর পুলিশ, প্রতিকূল আবহাওয়া এবং পাহাড়ি অঞ্চলে সন্ত্রাসবিরোধী অভিযান চালানোর জন্য 'স্নো লেপার্ড' নামে একটি নতুন বাহিনী গঠন করেছে।

৫/ বাংলাদেশে, ন্যাশনাল সিটিজেন পার্টি–NCP, সে-দেশের রাষ্ট্রপতি মহম্মদ শাহাবুদ্দিনকে ইমপিচ এবং গ্রেপ্তারের দাবি জানিয়েছে।

৬/ ICC T-20 ক্রিকেট বিশ্বকাপের সুপার এইট পর্বের ম্যাচে ভারত আজ জিম্বাবোয়ের বিরুদ্ধে খেলবে। # অন্য ম্যাচে, ওয়েস্ট ইন্ডিজ, দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলবে।

**********************************************************************

ইজরায়েল সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সে-দেশের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবন, প্রতিরক্ষা ও নিরাপত্তা, বাণিজ্য ও বিনিয়োগ এবং দুই দেশের নাগরিকদের মধ্যে আদানপ্রদান নিয়ে প্রতিনিধি পর্যায়ের আলোচনা করবেন। একাধিক চুক্তি স্বাক্ষর হতে পারে বলে মনে করা হচ্ছে। ইজরায়েলের রাষ্ট্রপতি আইজ্যাক হার্জোগের সঙ্গেও সাক্ষাৎ করবেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রী আজ জেরুজালেমে ইয়াদ ভাশেমে হলোকাস্টে নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন এবং প্রার্থনা অনুষ্ঠানে যোগ দেবেন। সফরের অন্তিম পর্যায়ে, প্রধানমন্ত্রী ভারতীয় বংশোদ্ভূত ইহুদি সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে মতবিনিময় করবেন।

এর আগে, ইজরায়েলের সংসদ নেসেটে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারত পূর্ণ সমর্থন ও বিশ্বাস নিয়ে ইজরায়েলের পাশে রয়েছে। পৃথিবীর যেকোনো স্থানে জঙ্গী কার্যকলাপের বিরুদ্ধে সকলের রুখে দাঁড়ানো জরুরী। ২৬/১১-র মুম্বাই হামলার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ভারত জঙ্গি কার্যকলাপের বিরুদ্ধে আপসহীন নীতি গ্রহণ করেছে। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ধারাবাহিক এবং সমন্বিত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান শ্রী মোদী।

( বাইট – প্রধানমন্ত্রী Terrorism)

প্রধানমন্ত্রী ২০২৩-এর ৭ই অক্টোবর হামাসের আক্রমণে প্রাণ হারানো ইজরায়েলের বাসিন্দাদের জন্য শোক প্রকাশ করেন।

রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের গাজা শান্তির উদ্যোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, ঐ অঞ্চলে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে এই প্রচেষ্টাকে ভারত স্বাগত জানায়। তিনি বলেন, গত কয়েক বছরে ভারত বিশ্বের দ্রুত বিকাশশীল অর্থনীতির দেশগুলির একটি হয়ে উঠেছে। শীঘ্রই এই দেশ বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হয়ে উঠবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শ্রী মোদী।

******************************

ভারত ও ইজরায়েলের মধ্যে কৌশলগত সম্পর্ক শক্তিশালী করার ক্ষেত্রে অসাধারণ অবদানের স্বীকৃতি স্বরূপ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সেদেশের সংসদে স্পিকার অফ দ্য

নেসেট মেডেল প্রদান করা হয়েছে। ইজরায়েলি সংসদের সর্বোচ্চ সম্মান হল এটি। সেখানে বক্তব্য রাখার পর সংসদের অধ্যক্ষ আমির ওহানা তাঁকে এই সম্মান প্রদান করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোশ্যাল মিডিয়া এক পোস্টে লিখেছেন এই সম্মান ভারত ও ইজরায়েলের দীর্ঘস্থায়ী বন্ধুত্বের নিদর্শন। প্রতিরক্ষা, প্রযুক্তি, কৃষি, উদ্ভাবন এবং অর্থনৈতিক সহযোগিতা ক্ষেত্রে দুশেরে দ্বিপাক্ষিক সম্পর্ক আগামীদিনে আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

*****************************

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গ সহ ১০টি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনে নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। আজ থেকে ৫ মার্চ পর্যন্ত মনোনয়ন জমা নেওয়া হবে। আগামী মাসের ১৬ তারিখ হবে ভোটগ্রহণ।

মহারাষ্ট্রে সাতটি আসন, তামিলনাডুতে ছ'টি, বিহার ও পশ্চিমবঙ্গে পাঁচটি ক'রে আসন, ওড়িশায় চারটি, আসামে তিনটি, তেলেঙ্গানা, ছত্তিশগড় ও হরিয়ানায় দুটি ক'রে এবং হিমাচল প্রদেশে একটি আসন খালি হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রী রামনাথ ঠাকুর এবং রামদাস আঠাওয়ালে, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, এন সি পি – এস পি নেতা শরদ পাওয়ার, আর এল এম নেতা উপেন্দ্র কুশওয়াহা, কংগ্রেস নেতা অভিষেক মনু সিংভি, এ আই এ ডি এ মকে নেতা এম থাম্বিদুরাই এবং ডি এম কে নেতা তিরুচি শিবার মেয়াদ আগামী এপ্রিল মাসে শেষ হচ্ছে।

নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে, ব্যালট পেপারে ভোটদানের জন্য কেবলমাত্র রিটার্নিং অফিসারের দেওয়া পূর্ব-নির্ধারিত বেগুনি রঙের স্কেচ-পেন ব্যবহার করতে হবে। অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করার জন্য পর্যবেক্ষক নিয়োগ ক'রে নির্বাচন প্রক্রিয়ার নিবিড় পর্যবেক্ষণের জন্য পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হবে বলেও নির্বাচন কমিশন জানিয়েছে।

*****************************

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য রাজ্যের প্রায় অর্ধেকের কিছু বেশি বুথকে সংবেদনশীল ও অতিসংবেদনশীল হিসেবে চিহ্নিত করা হয়েছে। সব জেলার কাছ থেকে

পাওয়া আইনশৃঙ্খলা রিপোর্ট পর্যালোচনা করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। ওই রিপোর্টের ভিত্তিতে পশ্চিমবঙ্গে মোট প্রায় ৪১ হাজার ৪০০ বুথকে সংবেদনশীল হিসেবে চিহ্নিত করা হয়েছে। তার মধ্যে প্রায় ৬ হাজার ৮০০ বুথকে অতিসংবেদনশীল হিসেবে গণ্য করা হয়েছে।

এই প্রেক্ষিতে রাজ্যে মোতায়েন করা হচ্ছে ২৪০ কোম্পানি আধাসেনা। রবিবার বা সোমবারের মধ্যেই বাহিনী রাজ্যে পৌঁছবে বলে প্রশাসনিক সূত্রের খবর। সংবেদনশীল ও অতিসংবেদনশীল এলাকাগুলিতে তাদের অগ্রাধিকার ভিত্তিতে মোতায়েন করা হবে।

তবে নির্ধারিত সূচি অনুযায়ী আগামী ১ মার্চ ডেপুটি ইলেকশন কমিশনার-সহ কমিশনের প্রায় আটজন আধিকারিকের রাজ্যে আসার কর্মসূচিতে পরিবর্তন হয়েছে। ১ ও ২ মার্চ জেলা নির্বাচন আধিকারিক এবং পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকের কথা থাকলেও তা আপাতত হচ্ছে না। নতুন দিনক্ষণ পরে জানানো হবে বলে কমিশন সূত্রে খবর।

*****************************

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি আগামীকাল থেকে চারদিনের ভারত সফরে আসছেন। এটি হবে প্রধানমন্ত্রী কার্নির প্রথম সরকারি ভারত সফর। বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, প্রধানমন্ত্রী কার্নি চলতি মাসের ২৭ তারিখে মুম্বাই পৌঁছাবেন। আগামী দু'দিন তিনি বিভিন্ন ব্যবসায়িক অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন, ভারত ও কানাডার বিভিন্ন সংগঠনের সি ই ও, শিল্প ও আর্থিক বিশেষজ্ঞ, উদ্ভাবক, শিক্ষাবিদদের সঙ্গে মতবিনিময় করবেন। মুম্বই থেকে কানাডার প্রধানমন্ত্রী আগামী ১ মার্চ নতুনদিল্লিতে পৌঁছাবেন। পরের দিন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কানাডার প্রধানমন্ত্রী হায়দ্রাবাদ হাউসে প্রতিনিধি পর্যায়ের বৈঠকে ভারত-কানাডা কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতির বিভিন্ন দিক পর্যালোচনা করবেন। বাণিজ্য ও বিনিয়োগ, জ্বালানি, গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ, কৃষি, শিক্ষা, গবেষণা, উদ্ভাবন এবং মানুষে-মানুষে সম্পর্ক সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করবেন। দুই নেতা আঞ্চলিক ও আন্তর্জাতিক উন্নয়ন নিয়েও মত বিনিময় করবেন।

*****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ মহান বিপ্লবী ও স্বাধীনতা সংগ্রামী বীর সাভারকরের মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, বীর সাভারকর দেশকে দাসত্বের শৃঙ্খল থেকে মুক্ত করার লক্ষ্যে তাঁর জীবন উৎসর্গ করেছিলেন। তিনি বলেন, তাঁর জীবন সব প্রজন্মের মানুষকে দেশের সেবা করার জন্য অনুপ্রাণিত করবে।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বীর সাভারকর ছিলেন স্বাধীনতা আন্দোলনের অন্যতম সেনানী। তিনি ব্রিটিশ শাসনের বিরুদ্ধে লড়াইয়ের পাশাপাশি সাংস্কৃতিক স্বাধীনতার জন্যও লড়াই করেছিলেন। তিনি আরও বলেন, শ্রী সাভারকর তাঁর বিপ্লবী ধারণা দিয়ে স্বাধীনতা আন্দোলনের ভিত্তি স্থাপন করার পাশাপাশি যুবসমাজকেও অনুপ্রাণিত করেছিলেন। সাভারকর অস্পৃশ্যতা দূরীকরণ এবং নারী শিক্ষার প্রচারে তাঁর জীবন উৎসর্গ করেছিলেন বলে মন্তব্য করেন স্বরাষ্ট্রমন্ত্রী।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, বীর সাভারকরের অদম্য সাহস, অতুলনীয় ত্যাগ এবং দেশের প্রতি অটল নিষ্ঠা ভারতের স্বাধীনতা সংগ্রামের এক গৌরবময় অধ্যায়।

******************************

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, কোনও ব্যক্তির মুখ, কণ্ঠস্বর ব্যবহার ক’রে কন্টেন্ট তৈরি করা হলে তার সম্মতি ছাড়া সিন্থেটিক কন্টেন্ট তৈরি করা উচিত নয়। নতুনদিল্লিতে আজ সকালে এক সম্মেলনে ভাষণ দেওয়ার সময় তিনি বলেন, কন্টেন্টের দায়িত্ব নিতে হবে সংশ্লিষ্ট প্ল্যাটফর্মগুলিকেও। নাগরিক এবং শিশুদের অনলাইন ক্ষেত্রে সুরক্ষা নিশ্চিত করা প্ল্যাটফর্মগুলির দায়িত্ব।

( বাইট – অশ্বিনী বৈষ্ণ )

মন্ত্রী, প্ল্যাটফর্মগুলিকে তাদের রাজস্ব বণ্টন নীতি পুনর্বিবেচনা করার আহ্বান জানিয়েছেন। তিনি আরও বলেন, প্ল্যাটফর্মগুলিকে অবশ্যই কন্টেন্ট-নির্মাতাদের সঙ্গে ন্যায্যভাবে রাজস্ব ভাগ করে নিতে হবে।

******************************

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল. মুরুগান আজ দুপুরে কর্ণাটকের শিবমোগ্গায় বিদ্যানগরের এফএম ট্রান্সমিটার সেন্টারে একটি নতুন ১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার স্টেশনের উদ্বোধন করবেন। শিবমোগ্গা এবং আশেপাশের আটটি জেলায় আকাশবাণী ভদ্রাবতীর সম্প্রচারে গতি আনতে ১০১ দশমিক ৪ মেগাহার্টজ স্পিডে পরিচালিত এই সুবিধাটি উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করবে।

*******************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয়: এ আই সামিট এবং বিনোদন ও সংবাদ মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা। পরিচালক অতনু ঘোষ ও পরিচালক, সমালোচক এবং সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন **আজ রাত আটটায়** গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*******************************

ছত্তিশগড়ে, আজ বিজাপুর জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে দুই মাওবাদী নিহত হয়েছে। ঘটনাস্থল থেকে তিনটি রাইফেল এবং অন্যান্য অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়েছে।

জেলা পুলিশ সুপার ডঃ জিতেন্দ্র যাদব জানান, বিজাপুরের ইন্দ্রাবতী নদী এলাকায় মাওবাদীদের উপস্থিতির খবর পেয়ে নিরাপত্তা বাহিনীর একটি যৌথ দল তল্লাশি অভিযান শুরু করে। অভিযান চলাকালীন, মাওবাদীরা নিরাপত্তা দলের ওপর অতর্কিত আক্রমণ ক'রে নিরাপত্তা কর্মীদের উপর গুলি চালায়। নিরাপত্তা বাহিনী পাল্টা গুলি চালালে দুই মাওবাদী প্রাণ হারায়। এলাকায় এখনও তল্লাশি অভিযান চলছে।

*******************************

জম্মু-কাশ্মীর পুলিশ, প্রতিকূল আবহাওয়া এবং পাহাড়ি অঞ্চলে সন্ত্রাসবিরোধী অভিযান চালানোর জন্য 'স্নো লেপার্ড' নামে একটি নতুন বাহিনী গঠন করেছে। এই দলে ১০০ জনেরও বেশি কর্মী রয়েছে, যাদের বেশিরভাগই জম্মু ও কাশ্মীর পুলিশের বিশেষ

অপারেশন গ্রুপ থেকে নেওয়া হয়েছে। মাইনাস ২০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা, কম অক্সিজেন পরিস্থিতি, ঘন অরণ্য এবং তুষারপাত-প্রবণ এলাকায় বিপর্যয়-মোকাবিলায় কাজ করার জন্য প্রশিক্ষিত।

*****************************

আসন্ন হোলি উপলক্ষ্যে যাত্রীদের মসৃণ, নিরাপদ এবং আরামদায়ক ভ্রমণের জন্য ভারতীয় রেল বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে। যাত্রীদের সংখ্যা বৃদ্ধির কথা মাথায় রেখে ভারতীয় রেল আগামী মাসের ১৮ তারিখ পর্যন্ত বিভিন্ন রেলওয়ে জোনে ১ হাজার ২ শো ৪৪টি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। প্রয়োজনে এই বিশেষ ট্রেনের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানিয়েছে রেল মন্ত্রক। এই বিশেষ ট্রেনগুলি দেশের প্রধান শহর, রাজ্য রাজধানী এবং গুরুত্বপূর্ণ আঞ্চলিক কেন্দ্রের মধ্যে চলাচল করবে। পূর্ব মধ্য রেলপথ ৫০টি, উত্তর রেলপথ ৪৮টি, পশ্চিম রেলপথ ৩২টি, দক্ষিণ-পূর্ব রেলপথ ২৮টি ও মধ্য রেলপথ ২০টি বিশেষ ট্রেন পরিষেবা পরিচালনা করবে বলে জানানো হয়েছে। যাত্রীভিড় সামাল দিতে ও সারা দেশে উৎসব উদযাপনকারী লক্ষ লক্ষ যাত্রীর সময়মত ভ্রমণের সুবিধার্থে এই পরিষেবা চালু করা হয়েছে বলে মন্ত্রক জানিয়েছে।

*****************************

মহারাষ্ট্রের স্বরাষ্ট্র দপ্তর রাজ্য বিধানসভায় জানিয়েছে গত দুই বছরে রাজ্য থেকে ৯৩,৯৪০ জন মহিলা নিখোঁজ হয়েছেন, যার মধ্যে ৬৭,৪৫৮ জন বা ৭১.৮ শতাংশের সন্ধান পাওয়া গেছে অথবা তারা বাড়ি ফিরে এসেছেন। স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্বে থাকা মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ এক লিখিত জবাবে জানিয়েছেন যে ওই সময়ে নিখোঁজ নাবালিকা মেয়েদের সংখ্যা ২৩,৪২৯ জন যার মধ্যে ৮০ শতাংশেরও বেশি জনকে খুঁজে পাওয়া গেছে।

*****************************

বাংলাদেশে, ন্যাশনাল সিটিজেন পার্টি– NCP, সে-দেশের রাষ্ট্রপতি মহম্মদ শাহাবুদ্দিনকে ইমপিচ এবং গ্রেপ্তারের দাবি জানিয়েছে। ২০২৪ সালের জুলাই মাসে গণঅভ্যুত্থানের সময় তিনি কোনও পদক্ষেপ নেননি বলে অভিযোগ করেছেন NCP-র আহ্বায়ক এবং

বিরোধী দলের চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেন, রাষ্ট্রপতি গণহত্যার দায় এড়াতে পারবেন না। সংসদের প্রথম অধিবেশনেই তাকে ইমপিচ ক'রে গ্রেপ্তার করা উচিত। আমাদের ঢাকা সংবাদদাতা জানিয়েছেন, বাংলাদেশের সংবিধান অনুসারে, রাষ্ট্রপতিকে ইমপিচ করতে গেলে প্রস্তাবটিকে সংসদের দুই-তৃতীয়াংশ সদস্যের সমর্থন পেতে হবে।

*******************************

ভারতীয় আবহাওয়া দফতর, আইএমডি আজ আন্দামান ও নিকোবরে বজ্রবিদ্যুত ও ঝোড়ো হাওয়া সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। পাশাপাশি উত্তর কর্ণাটক এবং তেলেঙ্গানাতেও একই অবস্থা থাকবে বলে জানিয়েছে তারা। আজ সকালে পাঞ্জাব এবং হিমাচল প্রদেশে ঘন কুয়াশা এবং আগামীকাল জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডে হালকা বৃষ্টিপাত ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আই এম ডি। যদিও আগামী সাত দিন দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে সর্বোচ্চ তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া সংস্থা আইএমডি।

*******************************

ভারত আজ টি -২০ বিশ্বকাপের সুপার এইট-এর ম্যাচে জিম্বাবোয়ের মুখোমুখি হবে। চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। সেমিফাইনালে যেতে হলে আজকের ম্যাচ ভারতকে শুধু জিতলেই হবে না, বড় ব্যবধানে জিততে হবে। অন্য ম্যাচে, আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে ওয়েস্ট ইন্ডিজ, দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর তিনটেয়। দুই দলই সুপার এইটে তাদের প্রথম ম্যাচ জিতেছে। আজকের ম্যাচ যে দল জিতবে সেই দল সেমিফাইনাল এর দিকে অনেকটাই এগিয়ে যাবে।

*******************************************************************